# বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০
## বাংলাদেশ টেলিভিশন

বাংলাদেশ টেলিভিশন বাংলা ভাষায় বিশ্বের প্রথম টেলিভিশন। ১৯৬৪ সালের ২৫শে ডিসেম্বর একটি পাইলট প্রকল্প হিসেবে এর যাত্রা শুরু হয়। তৎকালীন ডি আই টি-ভবনের (বর্তমানে রাজউক কার্যালয়) দুটি কক্ষে মাত্র ৩ ঘন্টা চলতো এর সম্প্রচার কার্যক্রম। ১৯৬৭ সালে তৎকালীন পাকিস্তান টেলিভিশন কর্পোরেশন ১৯৭২ সালে রাষ্ট্রপতির আদেশে (পি.ও নং-১১৫) বাংলাদেশ টেলিভিশন নামে রাষ্ট্রীয় টিভি চ্যানেলে পরিণত হয়। ১৯৭৫ সালের ৯ই ফেব্রুয়ারি বিটিভি স্থানান্তরিত হয় রামপুরার নিজস্ব টিভি ভবনে। ৬ই মার্চ ১৯৭৫ সাল হতে রামপুরা টিভি ভবন থেকে নতুন আঙ্গিকে শুরু হয় বিটিভির সম্প্রচার কার্যক্রম।

বর্তমানে বিটিভির অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার কার্যক্রম চলছে ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্র থেকে। সম্প্রচার সুবিধার জন্য রয়েছে ১৪টি উপকেন্দ্র/রিলে কেন্দ্র। দেশের শতকরা ৯৫ ভাগ মানুষ টেরিস্ট্রিয়াল সম্প্রচার সুবিধার মাধ্যমে বিটিভির অনুষ্ঠান দেখতে পাচ্ছে।

সাংস্কৃতিক ইতিহাস এর বিবর্তনের সাক্ষ্য ও সকল ভিডিও অনুষ্ঠানসমূহ জরুরী ভিত্তিতে সংরক্ষণ করার জন্য গত ০৩ সেপ্টেম্বর ২০০৩ তারিখে শুভ উদ্বোধন-এর মধ্যদিয়ে প্রথমবারের মতো বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভস প্রতিষ্ঠা করা হয়।

বর্হিবিশ্বে বিটিভির অনুষ্ঠান সম্প্রচার শুরু করার লক্ষ্যে ১১ এপ্রিল ২০০৪ সালে বিটিভি ওর্য়াল্ড নামে বিটিভির আরেকটি নতুন চ্যানেল চালু করা হয়। স্যাটেলাইটে বিটিভি ওয়ার্ল্ড এর অনুষ্ঠানমালা পৃথিবীর প্রায় ৫০টি দেশে সম্প্রচার করা হচ্ছে। ২০১২ সালের ৫ নভেম্বর থেকে বিটিভির অনুষ্ঠানও স্যাটেলাইট এর মাধ্যমে ২৪ ঘন্টা সম্প্রচার করা হচ্ছে। ২০১৩ সাল থেকে আইপিটিভি, মোবাইল টিভি ও ওয়েব টিভি এর মাধ্যমেও বিটিভির অনুষ্ঠানমালা দেশে ও বিদেশে দেখার সুযোগ পাচ্ছেন দর্শকরা।

১৯৯৬ সালের ১৯ ডিসেম্বর চট্টগ্রামে বাংলাদেশ টেলিভিশনের একটি নতুন পূর্ণাঙ্গ কেন্দ্র স্থাপিত হয়। কেন্দ্রটি উদ্বোধন করেন বর্তমান ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কেন্দ্রটি চালু হওয়ার পর থেকে প্রতিদিন ০১ ঘন্টা ৩০ মিনিট ব্যাপ্তিকালের অনুষ্ঠান স্থানীয়ভাবে প্রচার করা হতো। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী চট্টগ্রাম কেন্দ্রটিকে পূর্ণাঙ্গ কেন্দ্র হিসেবে ০৬ ঘন্টার অনুষ্ঠান সম্প্রচারের আনুষ্ঠানিক শুভ উদ্ধোধন করেন। ১৪ এপ্রিল ২০১৮ থেকে চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচার সময় ০৬ ঘন্টা থেকে বৃদ্ধি করে ০৯ ঘন্টায় উন্নীত করা হয়। আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ সাল থেকে সম্প্রচার সময় ১২ ঘন্টায় উন্নীতকরণের কার্যক্রম চলমান রয়েছে। চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানও স্যাটেলাইটের মাধ্যমে বিশ্বের প্রায় ৫০টি দেশে সম্প্রচারিত হচ্ছে।

বিটিভি জন্মলগ্ন থেকেই দেশের সাধারণ মানুষের আর্থসামাজিক, সাংস্কৃতিক উন্নয়ন ও বিকাশে সম্প্রচার কার্যক্রম পরিচালনা করে আসছে। সেই কারণেই বিটিভি প্রচার করছে জনস্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন অনুষ্ঠান। দেশে খাদ্যোৎপাদন বৃদ্ধির জন্য বিটিভির কৃষিভিত্তিক অনুষ্ঠান- মাটি ও মানুষ এর ভূমিকা অনন্য। বয়স্কশিক্ষাসহ প্রাথমিক শিক্ষার প্রসার, জনসংখ্যা নিয়ন্ত্রণ, স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি, বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ রক্ষা, সামাজিক ও নানা উন্নয়নমূলক অনুষ্ঠানের মাধ্যমে বিটিভি গণমানুষের আশা-আকাঙ্খার অন্যতম অগ্রদূত হিসেবে পরিচিতি পেয়েছে। আগামী দিনে বিটিভি একটি অত্যাধুনিক ইলেকট্রনিক গণমাধ্যম হিসেবে দর্শক চাহিদা পূরণে সক্ষম হবে।

কার্যাবলি (Functions):

১. দেশে-বিদেশে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের কার্যক্রম ধারণ ও সম্প্রচার;

২. দেশ ও বিদেশের সংবাদ ও প্রতিবেদন প্রচার;

৩. বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির উপর ভিত্তি করে তথ্যমূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার ;

৪. শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র্য বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কৃষি ও কৃষি অর্থনীতিসহ জীবন ও জীবিকার সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অনুষ্ঠান/প্রামাণ্যচিত্র/সংবাদ নির্মাণ ও প্রচার;

চলমান পাতা-০২

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

৫. ক্রীড়া, শিল্প, সাহিত্য, ব্যবসা-বাণিজ্য এবং বিনিয়োগ সংক্রান্ত অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
৬. তথ্য অধিকার আইন বাস্তবায়নে প্রচার সহযোগিতা প্রদান;
৭. মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ব্র্যান্ডিং এর বিষয়ে অনুষ্ঠান প্রচার;
৮. টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের পরিপূরক কনটেন্ট নির্মাণ ও সম্প্রচার; এবং
৯. দেশি-বিদেশি সম্প্রচার সংস্থা/সংগঠনের সাথে যোগাযোগ, সমন্বয় সাধন এবং ধ্রুপদী ও শিক্ষামূলক বিদেশি অনুষ্ঠান সম্প্রচার।

প্রচারিত অনুষ্ঠানমালা

বিটিভির প্রচারিত যে কোন অনুষ্ঠানে নিম্নবর্ণিত এক বা একাধিক বিষয় অন্তর্ভুক্ত থাকে:

১. বিনোদনমূলক অনুষ্ঠান
২. ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি
৩. মুক্তিযুদ্ধ
৪. শিক্ষা
৫. উন্নয়নমূলক/দারিদ্র বিমোচন
৬. কৃষি
৭. স্বাস্থ্য ও চিকিৎসা
৮. ধর্মীয়
৯. শিল্প-সাহিত্য
১০. নারী বিষয়ক/নারীর ক্ষমতায়ন
১১. জনসংখ্যা/নারী ও শিশু
১২. পরিবেশ
১৩. বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি
১৪. প্রকৃতি ও পরিবেশ
১৫. জনসচেতনতা
১৬. অর্থ-ব্যবসা-বাণিজ্য
১৭. শিশুতোষ অনুষ্ঠান
১৮. উদ্বুদ্ধকরণ
১৯. বিশেষ দিবসের অনুষ্ঠান
২০. জাতীয় ও আন্তর্জাতিক অনুষ্ঠান সরাসরি সম্প্রচার
২১. ম্যাগাজিন
২২. ক্রীড়া
২৩. প্রতিবন্ধী/অটিস্টিকদের নিয়ে অনুষ্ঠান
২৪. শ্রমজীবী মানুষদের নিয়ে অনুষ্ঠান
২৫. প্যাকেজ অনুষ্ঠান (প্যাকেজ নীতিমালার আওতায়)
২৬. পর্যটন
২৭. অন্যান্য বিশেষ অনুষ্ঠান
২৮. ভিশন ২০২১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং সরকারের রাজনৈতিক ইশতেহারে অন্তর্ভুক্ত বিভিন্ন বিষয়ের সাথে সম্পর্কিত।

**স্থায়ী (রাজস্ব) জনবলের বর্তমান চিত্র**

| ক্রমিক নং | পদের শ্রেণি | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| (ক) | ১ম শ্রেণি | ৩৩৪ | ২১১ | ১২৩ |
| (খ) | ২য় শ্রেণি | ১৪১ | ১০৮ | ৩৩ |
| (গ) | ৩য় শ্রেণি | ৭৬৪ | ৫৭৭ | ১৮৭ |
| (ঘ) | ৪র্থ শ্রেণি | ৩৬৩ | ৩০৩ | ৬০ |
| | মোট = | ১৬০২ | ১১৯৯ | ৪০৩ |

**অস্থায়ী (রাজস্ব) জনবল**

| ক্রমিক নং | পদের শ্রেণি | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| (ক) | ১ম শ্রেণি | ৪৫ | ২২ | ২৩ |
| (খ) | ২য় শ্রেণি | ১০ | ০২ | ০৮ |
| (গ) | ৩য় শ্রেণি | ৬০ | ৩৬ | ২৪ |
| (ঘ) | ৪র্থ শ্রেণি | ২০ | ১২ | ০৮ |
| | মোট = | ১৩৫ | ৭২ | ৬৩ |

চলমান পাতা-০৩

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

## শূন্য পদ পূরণের চলমান কার্যক্রম:

### পদোন্নতির পদ পূরণ

পদোন্নতি একটি চলমান প্রক্রিয়া। পদোন্নতির কোটায় শূন্য ১ম ও ২য় শ্রেণির পদসমূহ পূরণের ক্ষেত্রে পদ শূন্য হওয়ার সাথে সাথে মন্ত্রণালয় পিএসসির সুপারিশের জন্য প্রেরণ করা হয়। এছাড়া, ৩য় ও ৪র্থ শ্রেণির পদের ক্ষেত্রে বিটিভির বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির মাধ্যমে পদ শূন্য সাপেক্ষে নিয়মিত পদোন্নতি প্রদান করা হচ্ছে।

### বাজেট বরাদ্দ:

| অর্থ বছর | বরাদ্দ (অনুন্নয়ন) |
|---|---|
| ২০১৯-২০ | ২৮১.০০ কোটি টাকা |

### রাজস্ব আয়:

| অর্থ বছর | বিজ্ঞাপন ফি বাবদ মাসওয়ারী আয় (টাকা) | লাইসেন্স ফি বাবদ মাসওয়ারী আয় (টাকা) |
|---|---|---|
| জুলাই/১৮ | ১,১৫,৯১,০৪২/৫০ | ৩০,৪৭,১০০/- |
| আগস্ট/১৮ | ২,৬৯,৭১,৫৫৪/৪৫ | ৯,৬১,০০০/- |
| সেপ্টেম্বর/১৮ | ১,৫৫,৮৮,৮৭৮/- | ৪১,২৬,১০০/- |
| অক্টোবর | ১,৪৯,৩৯,৭৮৫/- | ৯৩,০১,৩৮৫/- |
| নভেম্বর/১৮ | ৯৬,৪৬,০৫২/৫০ | ৪৯,৭০,৯৫০/- |
| ডিসেম্বর/১৮ | ১,৫৮,৭১,৩৩৭/৬০ | ৪৩,৯৫,৯০০/- |
| জানুয়ারি/১৯ | ৯৯,০৭,৫০৬/২৫ | ১,৪২,৮৬,১৫০/- |
| ফেব্রুয়ারি/১৯ | ৯৯,৫৫,৪১৭/৫০ | ১,৩৩,৪১,৪০০/- |
| মার্চ/১৯ | ৮৭,১৬,৭৫০/- | ২,৭৩,৬৬,১০০/- |
| এপ্রিল/১৯ | ১,১৫,২২,১৮৮/১৩ | ২০,৩৬,৩০০/- |
| মে/১৯ | ২,০৫,১৭,৭৪২/- | ১৯,৫৭,৭০০/- |
| জুন/১৯ | ৩,৪৪,৪৮,২২৫/- | ৭,২২,৬০০/- |
| সর্বমোট = | ১৮,৯৬,৭৬,৪৭৮/৯৩ | ৮,৬৫,১৫,৬৮৫/- |

### কেন্দ্র -২টি

(ক) ঢাকা টেলিভিশন কেন্দ্র (খ) চট্টগ্রাম টেলিভিশন কেন্দ্র

### উপকেন্দ্র/রিলে কেন্দ্র-১৪টি

নাটোর, খুলনা, ময়মনসিংহ, সিলেট, রংপুর, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, ঠাকুরগাঁও, রাজশাহী, ঝিনাইদহ, সাতক্ষীরা, পটুয়াখালী, উখিয়া এবং রাঙ্গামাটি ।

চলমান পাতা-০৪

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

**বহির্বিশ্বে বিটিভির সম্প্রচার:**

বিশ্বের নিম্নবর্ণিত দেশগুলোতে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, বিটিভি চট্টগ্রাম কেন্দ্র ও সংসদ বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান স্যাটেলাইট সম্প্রচারিত হচ্ছে। ০১ জুলাই ২০১৯ থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে এ সম্প্রচার কার্যক্রম পরিচালিত হচ্ছে।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ভারত | ১৪. | ইরাক | ২৭. | পূর্ব তিমুর | ৪০. | ফিলিপাইন |
| ০২. | চীন | ১৫. | ইরান | ২৮. | জাপান | ৪১. | তুরস্ক |
| ০৩. | ভুটান | ১৬. | কুয়েত | ২৯. | রাশিয়া | ৪২. | আজারবাইজান |
| ০৪. | নেপাল | ১৭. | কাতার | ৩০. | অস্ট্রেলিয়া | ৪৩. | কিরগিজিস্তান |
| ০৫. | মায়ানমার | ১৮. | ইয়েমেন | ৩১. | সাইপ্রাস | ৪৪. | জর্জিয়া |
| ০৬. | থাইল্যান্ড | ১৯. | ওমান | ৩২. | আরমেনিয়া | ৪৫. | লাওস |
| ০৭. | সিঙ্গাপুর | ২০. | লেবানন | ৩৩. | গ্রীস | ৪৬. | সিরিয়া |
| ০৮. | মালয়েশিয়া | ২১. | জর্ডান | ৩৪. | কাজাকিস্তান | ৪৭. | তাইওয়ান |
| ০৯. | ব্রুনাই | ২২. | ইসরাইল | ৩৫. | উজবেকিস্তান | ৪৮. | তুর্কিমেনিস্তান |
| ১০. | শ্রীলংকা | ২৩. | ইন্দোনেশিয়া | ৩৬. | তাজাকিস্তান | ৪৯. | সংযুক্ত আরব আমিরাত |
| ১১. | পাকিস্তান | ২৪. | মঙ্গোলিয়া | ৩৭. | আফগানিস্তান | | অন্যান্য দেশ |
| ১২. | বাহরাইন | ২৫. | দক্ষিণ কোরিয়া | ৩৮. | কম্বোডিয়া | | |
| ১৩. | সৌদি আরব | ২৬. | উত্তর কোরিয়া | ৩৯. | ভিয়েতনাম | | |

**আইটি সংক্রান্ত:**

বাংলাদেশ টেলিভিশনের সকল শাখায় কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। আইপিটিভি ও ওয়েবটিভি প্রযুক্তির সাহায্যে বিটিভি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অধিকন্তু, টেলিটকের মাধ্যমে মোবাইল টিভি সম্প্রচার কার্যক্রম চালু করা হয়েছে। ফলে ইন্টারনেট প্রযুক্তির মাধ্যমে বিশ্বের যে কোন প্রান্ত থেকে বিটিভি এবং বিটিভি ওয়ার্ল্ডের সম্প্রচার কার্যক্রম প্রত্যক্ষ করা যাচ্ছে।

**সোশ্যাল মিডিয়া উইং:**

যান্ত্রিক সভ্যতার অভিঘাতে এবং প্রযুক্তির পরম উৎকর্ষে মানুষের জীবনচরণ প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। দিন দিন মানুষ টেলিভিশন মিডিয়া থেকে সোশ্যাল মিডিয়ার দিকে ঝুকে পড়ছে। দর্শকদের এই প্রবণতাকে প্রাধান্য দিয়ে বাংলাদেশ ইতোমধ্যে সোশ্যাল মিডিয়া উইং খুলেছে। বর্তমানে প্রচারিত জনপ্রিয় অনুষ্ঠানগুলো ছাড়াও বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভ থেকে জনপ্রিয় অনুষ্ঠানগুলো সোশ্যাল মিডিয়ায় প্রচার করা হচ্ছে।

চলমান পাতা-০৫

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

**বাস্তবায়নাধীন প্রকল্প:**

০১) **"বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প**

প্রাক্কলিত ব্যয়: ২৮৯৯.৪০ লক্ষ টাকা

বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৬-জুন ২০১৯

প্রকল্প এলাকায় ট্রান্সমিটিং ভবন নির্মাণের কাজ সমাপ্ত। ট্রান্সমিটিং টাওয়ার সংগ্রহের জন্য এলসি খোলা হয়েছে।

| বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|
| ট্রান্সমিটিং টাওয়ার সংগ্রহ ও সংস্থাপন কার্যক্রম বাস্তবায়ন | - | ১০০% (ট্রান্সমিটিং টাওয়ার সংগ্রহ ও সংস্থাপন) | - |

০২) **"বাংলাদেশ টেলিভিশনের ৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প**

প্রাক্কলিত ব্যয়: ১৩৯১০০.০০ লক্ষ টাকা

বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২০

প্রকল্পটি অনুমোদনের প্রশাসনিক আদেশ সেপ্টেম্বর ২০১৭ জারি করা হয়েছে। প্রকল্পটি চীনের সাহায্য পুষ্ট হওয়ায় ঋণ অনুমোদনের অন্যান্য কার্যক্রম চলছে। ২৭.১১.২০১৮ তারিখে ইআরডি এর নির্দেশনা অনুযায়ী প্রকল্পটি Feasibility study Report একটি কমিটির মাধ্যমে Review করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

| বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|
| প্রকল্পটি চীনের সাহায্যপুষ্ট হওয়ায় ঋণ অনুমোদন কার্যক্রম সম্পন্নকরণ | - | - | ঋণের অর্থ প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম শুরু হবে |

০৩) **"বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প**

প্রাক্কলিত ব্যয়: ৮২৮২.০০ লক্ষ টাকা

বাস্তবায়নকাল: জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত

প্রকল্পটি ২৩/০৫/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নে কার্যক্রম চলছে।

| বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|
| Server ও Signal processing রুমের তাপমাত্রা ১৮° থেকে ২২° সেন্টিগ্রেড নিশ্চিত করা এবং ডাস্টমুক্ত রাখার জন্য কেন্দ্রীয় শীতাতপ ব্যবস্থার পরিবর্তে Precision Air Conditioning (PAC) স্থাপন করা। (প্রাক্কলিত ব্যয়: ১২৫ লক্ষ টাকা) | বাস্তব অগ্রগতি: ১৫% (খসড়া কারিগরি বিনির্দেশ প্রস্তুতকরণ) | বাস্তব অগ্রগতি: ৩৫% (দরপত্র আহ্বান ও মূল্যায়ন) | আর্থিক অগ্রগতি: ১০০% বাস্তব অগ্রগতি: ১০০% (কার্যাদেশ প্রদান, চুক্তি স্বাক্ষর, যন্ত্রপাতি সংগ্রহ ও সংস্থাপন) |

চলমান পাতা-০৬

এস এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

| বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|
| মাস্টার কন্ট্রোল, Central Apparatus, Signal Processing, Ingest System, NLE, Media Asset Management system, Video Server & Playout System, Central Storage System এর যন্ত্রপাতি ক্রয় প্রাক্কলিত ব্যয়:৫০০০.০০ লক্ষ টাকা | (বাস্তব অগ্রগতি: ২০%) (কনসালটেন্ট থেকে প্রাপ্ত রিপোর্ট এর ভিত্তিতে খসড়া কারিগরি বিনির্দেশ প্রস্তুত, কারিগরি বিনির্দেশ চূড়ান্তকরণ ও One Stage Two Envelope Tendering Method (OSTETM) এ আন্তর্জাতিক দরপত্র আহবানের জন্য দরপত্র দলিল প্রণয়ন)। | বাস্তব অগ্রগতি: ২০% (দরপত্র আহ্বান) | আর্থিক অগ্রগতি: ১০০% বাস্তব অগ্রগতি: ১০০% (দরপত্র উন্মুক্তকরণ, মূল্যায়ন, দরপত্র অনুমোদন, কার্যাদেশ প্রদান, চুক্তি স্বাক্ষর ও এলসি স্থাপন) |
| গণপূর্ত বিভাগ কর্তৃক কারিগরি জোনের পূর্ত কাজ বাস্তবায়ন। প্রাক্কলিত ব্যয়: ১৮৪.০০ লক্ষ টাকা | আর্থিক অগ্রগতি: ৫০% (Central Apparatus রুম, রিসিভিং রুমের Floor Raise ও ফলস্ সিলিং সংস্থাপন)। | আর্থিক অগ্রগতি: ২৫% (ডি-সাব ও করিডোরের প্রয়োজনীয় মেরামত, Floor Raise ও ফলস্ সিলিং সংস্থাপন) | আর্থিক অগ্রগতি: ২৫% বাস্তব অগ্রগতি: ১০০% (মাস্টার কন্ট্রোল রুমের প্রয়োজনীয় মেরামত, Floor Raise ও ফলস্ সিলিং সংস্থাপন )। |

০৪) **বাংলাদেশ টেলিভিশনের "দেশব্যাপি ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প**

প্রাক্কলিত ব্যয়: ২৫০০০.০০ লক্ষ টাকা

বাস্তবায়নকাল: জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত

প্রকল্পটি ২১/০৬/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নে কার্যক্রম চলছে।

| বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|
| ঢাকা কেন্দ্রের কারিগরি এলাকার যন্ত্রপাতির সুরক্ষার জন্য অনুকূল তাপমাত্রা বজায় রাখার লক্ষ্যে শীতাতপ যন্ত্র সংগ্রহ ও সংস্থাপন | ৪০% (কারিগরি বিনির্দেশ তৈরি, দরপত্র আহবান, প্রাক্কলিত মূল্য নির্ধারণ) | ৬০% (উন্মুক্ত ও মূল্যায়ন শুরুকরণ)। | ১০০% (মূল্যায়ন সমাপ্তকরণ, কার্যাদেশ প্রদান, চুক্তি সম্পাদন, মালামাল সংগ্রহ ও সংস্থাপন) |
| ১৬টি উপকেন্দ্রের কারিগরি এলাকার যন্ত্রপাতির সুরক্ষার জন্য অনুকূল তাপমাত্রা বজায় রাখার লক্ষ্যে শীতাতপ যন্ত্র সংগ্রহ ও সংস্থাপন | ৪০% (কারিগরি বিনির্দেশ তৈরি, দরপত্র আহবান, প্রাক্কলিত মূল্য নির্ধারণ) | ৬০% (কারিগরি বিনির্দেশ প্রস্তুত, প্রাক্কলিত মূল্য নির্ধারণ, দরপত্র আহবান, উন্মুক্ত ও মূল্যায়ন শুরুকরণ)। | ১০০% (মূল্যায়ন সমাপ্তকরণ, কার্যাদেশ প্রদান, চুক্তি সম্পাদন, মালামাল সংগ্রহ ও সংস্থাপন) |
| ঢাকা কেন্দ্রের জন্য সাবস্টেশন ও জেনারেটর সংগ্রহ | - | ২০% (কারিগরি বিনির্দেশ প্রস্তুত ও প্রাক্কলিত মূল্য নির্ধারণ)। | ১০০% (দরপত্র আহবান, উন্মুক্ত, মূল্যায়ন, কার্যাদেশ প্রদান, চুক্তি সম্পাদন, মালামাল সংগ্রহ ও সংস্থাপন) |
| ১৬টি উপকেন্দ্রের জন্য বৈদ্যুতিক যন্ত্রপাতি সংগ্রহ | | | ১০০% (দরপত্র আহবান, উন্মুক্ত, মূল্যায়ন, কার্যাদেশ প্রদান, চুক্তি সম্পাদন, মালামাল সংগ্রহ ও সংস্থাপন) |
| নোয়াখালী, নাটোর, সাতক্ষীরা উপকেন্দ্রের নতুন ভবন নির্মাণ ও অন্যান্য কেন্দ্র/উপকেন্দ্রের সংস্কার | ৩০% (নোয়াখালী উপকেন্দ্রের দরপত্র আহবানপূর্বক চুক্তি সম্পন্ন হয়েছে, সাতক্ষীরা উপকেন্দ্রের দরপত্র আহবান সম্পন্ন হয়েছে, নাটোর উপকেন্দ্রের দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে, অন্যান্য কেন্দ্র/উপকেন্দ্রের পূর্ত কাজের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হবে) | ৭০% (পূর্ত কাজ বাস্তবায়ন শুরু) | ১০০% (বাস্তবায়ন সম্পন্নকরণ) |
| ১৬টি উপকেন্দ্রের জন্য ডিজিটাল ট্রান্সমিটার সংগ্রহ | - | - | ২০% (কারিগরি বিনির্দেশ প্রস্তুত, প্রাক্কলিত মূল্য নির্ধারণ ও দরপত্র আহবান)। |

চলমান পাতা-০৭

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

## বাংলাদেশ টেলিভিশনের অননুমোদিত/প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ:

০১) **"বাংলাদেশ টেলিভিশনের অবকাঠামো উন্নয়ন, কারিগরি জনবল ও জেলা সংবাদ দাতাদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প**

প্রাক্কলিত ব্যয়: ১৪৪০০.০০ লক্ষ টাকা

বাস্তবায়নকাল: জুলাই ২০১৯-জুন ২০২০ পর্যন্ত

প্রকল্পের ডিপিপি তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তথ্য মন্ত্রণালয় এর পরামর্শ অনুযায়ী প্রতি কেন্দ্র/উপকেন্দ্রের জন্য Need assessment করা ও প্রকল্পটির Feasibility study করার কাজ চলছে।

| বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|
| - | - | - | প্রকল্প অনুমোদন সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে |

## বাংলাদেশ টেলিভিশনের ২০১৯-২০ অর্থ বছরে কর্মপরিকল্পনা:

### ক) ডিজিটালাইজেশন ও সেবা সহজীকরণ (আইটি শাখা):

| ক্র: নং | বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ০১. | প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রে অনলাইন গেট পাশ চালু | ১০০% | - | - |
| ০২. | অনলাইনে আর্টিস্ট পেমেন্ট চালু | ১৫% (ব্যাংকের সাথে চুক্তি স্বাক্ষর) | ৪০% (পাইলটিং ভিত্তিতে পরিশোধ প্রক্রিয়া চালু) | ৮০% (বাস্তবায়ন) |
| ০৩. | ই-নথির কার্যক্রম সম্প্রসারণের জন্য কম্পিউটার সামগ্রী সংগ্রহ (সম্ভাব্য-৭০টি) | ৮০% (কারিগরি বিনির্দেশ তৈরি, দরপত্র আহবান, উন্মুক্তকরণ) | ১০০% (মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ও সংগ্রহ) | - |
| ০৪. | সার্ভার এবং স্টোরেজ সংগ্রহ | - | ৮০% (দরপত্র আহবান, উন্মুক্তকরণ, মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ও চুক্তিপত্র স্বাক্ষর) | ১০০% (মালামাল সংগ্রহ ও সংস্থাপন) |

### খ) ক্রয় পরিকল্পনা ও ভৌত অবকাঠামো উন্নয়ন (প্রকৌশল শাখা):

| ক্র: নং | বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ০১. | ঢাকা কেন্দ্রের নিউজরুম আধুনিকায়ন | ১০০% | - | - |
| ০২. | প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিদ্যমান নিউজ স্টুডিও পরিবর্তন করে আধুনিক যন্ত্রপাতি সজ্জিত ডিজিটাল স্টুডিও সংস্থাপন | ৩০% (কারিগরি বিনির্দেশ প্রস্তুত, দরপত্র আহবান, কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পন্ন) | ১০০% (মালামাল সংগ্রহ ও সংস্থাপন) | - |
| ০৩. | চট্টগ্রাম কেন্দ্রের অডিটরিয়াম নির্মাণে প্রকল্প গ্রহণ | সেপ্টেম্বর ২০১৯ মাসের মধ্যে প্রকল্প গ্রহণ করা হবে। | অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন শুরু | - |
| ০৪. | চট্টগ্রাম কেন্দ্রের জন্য ০২টি মাইক্রোবাস ও ০১টি মোটরসাইকেল ক্রয় | অর্থ বিভাগের সম্মতিসহ মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ। কারিগরি বিনির্দেশ প্রস্তুত ও দরপত্র আহবান। | দরপত্র মূল্যায়ন ও কার্যাদেশ প্রদান। | ১০০% |

চলমান পাতা-০৮

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

| ক্র: নং | বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ০৫. | চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান টেরিস্ট্রিয়াল সম্প্রচারের জন্য ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রসহ খুলনা, সিলেট, রাজশাহী উপকেন্দ্রের জন্য ০৫টি এনালগ ট্রান্সমিটার সংগ্রহ | ২০% (কারিগরি বিনির্দেশ তৈরি, দরপত্র আহবান, উন্মুক্তকরণ) | ৫০% (ব্যয় মঞ্জুরি গ্রহণ, মূল্যায়ন, অনুমোদন গ্রহণ ও কার্যাদেশ প্রদান) | ১০০% (এল/সি স্থাপন) |
| ০৬. | সরাসরি সম্প্রচারের জন্য ০৩টি Backpack সংগ্রহ | কার্যাদেশ প্রদান | ১০০% (মালামাল সংগ্রহ) | - |
| ০৭. | ঢাকা কেন্দ্রের ব্যাগেজ স্ক্যানার ও সিসি ক্যামেরা সংগ্রহ | কার্যাদেশ প্রদান | ১০০% (মালামাল সংগ্রহ) | - |

## গ) ক্রয় পরিকল্পনা (ক্যামেরা শাখা):

| ক্র: নং | বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ০১. | রাজস্ববাজেটের আওতায় ক্যামকোডার, লাইটিং ও ক্যামেরা যন্ত্রপাতি ক্রয় (ক্রয় পরিকল্পনা সংযুক্ত) | ৩০% (কারিগরি বিনির্দেশ প্রস্তুত ও দরপত্র আহবান, দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন)। | ৫০% (কার্যাদেশ প্রদান) | ১০০% (মালামাল সংগ্রহ ও ক্রয় কার্য সম্পন্ন) |
| ০২. | বিটিভির স্টুডিও আধুনিকায়ন হিসেবে ৩০টি সার্পি লাইট সংগ্রহ। | ৩০% (কারিগরি বিনির্দেশ প্রস্তুত ও দরপত্র আহবান, দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন) | ৫০% (কার্যাদেশ প্রদান) | ১০০% (মালামাল সংগ্রহ ও ক্রয় কার্য সম্পন্ন) |

## ঘ) জনবল সৃজন ও নিয়োগ (প্রশাসন শাখা)

| ক্র: নং | বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ০১. | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত ১৯৩টি নতুন পদ সৃজন সম্পন্নকরণ | পদগুলোর বেতনস্কেল যাচাই কার্যক্রম বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে কার্যক্রমাধীন আছে। বেতনস্কেল যাচাই সম্পন্ন হলে সচিব কমিটির অনুমোদন গ্রহণ। | প্রশাসনিক মন্ত্রণালয় হতে জি.ও জারির পর পদগুলোর সৃজন কাজ সম্পন্নকরণ। | নিয়োগ কার্যক্রম শুরু |
| ০২. | ছাড়পত্রপ্রাপ্ত ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি কোটায় ৩৫টি ক্যাটাগরির ১৪৫টি শূন্য পদ পূরণ। (গত ২৫.০৪.২০১৯ তারিখে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। আবেদন গ্রহণের শেষ তারিখ ছিল ২৩.০৫.২০১৯। মোট ২৮৬৫২টি আবেদন পাওয়া যায়)। | প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই, নিয়োগ পরীক্ষার বাজেট প্রণয়ন ও আনুষঙ্গিক কাযর্ক্রম সম্পন্নকরণ। | প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ। নিয়োগ চূড়ান্তকরণ ও নিয়োগ আদেশ প্রদান। | - |

চলমান পাতা-০৯

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

ঙ) **অনুষ্ঠানের মান উন্নয়ন, ধারণ ও সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন এবং উন্নয়ন (অনুষ্ঠান শাখা)**

| ক্র: নং | বিষয় | স্বল্প মেয়াদী (জুলাই-সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত) | মধ্য মেয়াদী (অক্টোবর-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) | দীর্ঘ মেয়াদী (জানুয়ারি-জুন ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ০১. | শিল্পীদের অডিশন গ্রহণ ও গ্রেড উন্নীতকরণ নীতিমালা হালানাগাদকরণ/সংশোধন | - | ৫০% (অডিশন/গ্রেডেশন ও পুন:মূল্যায়ন নীতিমালার খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালাটি অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা হবে)। | ১০০% (অডিশন/গ্রেডেশন ও পুন:মূল্যায়ন নীতিমালার খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালাটি অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা হবে)। |
| ০২. | শিল্পীদের অডিশন গ্রহণ ও গ্রেড উন্নীতকরণ (পুরাতন/বিদ্যমান নীতিমালার আলোকে) | ২৫% | ৫০% | ১০০% |
| ০৩. | অনুষ্ঠানের প্রান্তিক অনুযায়ী ফিক্সড পয়েন্ট চার্ট প্রণয়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ০৪. | বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে ২৪ ঘন্টা অনুষ্ঠান সম্প্রচার | ১০০% (বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও সংসদ টিভি চ্যানেল) | ১০০% | ১০০% |
| ০৫. | পরিকল্পনা অনুযায়ী মুজিব বর্ষের অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার | ৫০% (অনুষ্ঠান নির্মাণ) | ৫০% (অনুষ্ঠান নির্মাণ) | ১০০% (অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার) |
| ০৬. | নিউ মিডিয়া/সোশ্যাল মিডিয়ায় বিটিভির অনুষ্ঠান সম্প্রচার (ইউটিউব, ফেসবুক, টুইটার ও ওয়েবপেইজ) | ১০% | ১৫% | ২০% |
| ০৭. | বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের টেরিস্ট্রিয়াল সম্প্রচার যন্ত্রপাতি ক্রয় ও সংস্থাপন | ২০% | ৫০% | ১০০% |

২৭.৭.১৯

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন